

কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকাণ্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৬২. চারপাশ ঘেরা নেই এমন ছাদে রাত্রি যাপন করা কিংবা উত্তাল নদীতে নদী ভ্রমণ করা

যুহাইর (রাহিমাহুল্লাহ) থেকে বর্ণিত তিনি জনৈক সাহাবী থেকে বর্ণনা করেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

مَنْ بَاتَ فَوْقَ بَيْتٍ لَيْسَ لَهُ إِجَارٌ فَوَقَعَ فَمَاتَ ؛ فَبَرِئَتْ مِنْهُ الذِّمَّةُ ، وَمَنْ رَكِبَ الْبَحْرَ عِنْدَ ارْتِجَاجِهِ فَمَاتَ ؛ فَقَدْ
بَرِئَتْ مِنْهُ الذِّمَّةُ

“যে ব্যক্তি চারদিক ঘেরা নেই এমন ছাদে রাত্রি যাপন করা অবস্থায় নিচে পড়ে মারা গেলো কারোর উপর তার কোন দায়-দায়িত্ব থাকবে না। তেমনিভাবে যে ব্যক্তি উত্তাল সাগরে ভ্রমণ করে মারা গেলো কারোর উপর তারও কোন দায়-দায়িত্ব থাকবে না”।[1]

>

ফুটনোট

[1] (আহমাদ ৫/২৭১ সিল্সিলাতুল-আহাদীসিস-সাহীহাহ, হাদীস ৮২৮)

Source — <https://www.hadithbd.com/books/link/?id=11312>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন